

কৃষিতে এসডিজি (SDGs) অর্জনে নন-স্টেটস্ এ্যাক্টরস এবং খাদ্য নিরাপত্তার ভূমিকা

কৃষি গবেষণা ফাউন্ডেশন, বিএআরসি ক্যাম্পাস, ফার্মগেট, ঢাকা এবং জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা, বাংলাদেশের যৌথ-উদ্যোগ "কৃষিতে এসডিজি (SDGs) অর্জনে নন-স্টেটস্ এ্যাক্টরস এবং খাদ্য নিরাপত্তার ভূমিকা" শীর্ষক সেমিনার ফার্মগেটে অবস্থিত বিএআরসি কমপ্লেক্সে ২৮ শে এপ্রিল ২০১৯ সালে অনুষ্ঠিত হয়।

আজকের সেমিনারে জনাব জিয়ান-লিওনার্ড তোয়াদি, পার্টনারশীপ বিশেষজ্ঞ এবং সিনিয়র কনসালটেন্ট, খাদ্য ও কৃষি সংস্থা (FAO), রোম, ইতালি মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, এশিয়াতে ৪৮৬ মিলিয়ন জনসংখ্যা পুষ্টিহীনতায় ভুগছে। প্রধানত জলবায়ু পরিবর্তনের পরিপ্রেক্ষিতে সংঘটিত প্রাকৃতিক দুর্যোগের কারণে অত্র অঞ্চলের জনসংখ্যা খাদ্য নিরাপত্তা ও পুষ্টিহীনতায় জর্জরিত।



এাননীয় অতিথিবৃন্দ



ফুলেল শুভেচ্ছা

জনাব তোয়াদি আরও উল্লেখ করেন যে, প্রতিবছরই পুষ্টিহীন জনসংখ্যার হার সারা বিশ্বে বৃদ্ধি পাচ্ছে। নন-স্টেটস্ এ্যাক্টরদের সময় এসেছে সমযোপযোগী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা।

উক্ত সেমিনারে, ঢাকায় অবস্থিত জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার প্রতিনিধি জনাব রবার্ট ডি সিম্পন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



অতিথি ও অংশকারীগণ



প্রধান অতিথিকে ক্রেস্ট প্রদান

আজকের অনুষ্ঠানের প্রধান অতিথি এ্যাডভোকেট মোঃ ফজলে রাব্বি মিয়া, এমপি, মাননীয় ডিপুটি স্পীকার, বাংলাদেশ পার্লামেন্ট উক্ত সেমিনারে সদয় উপস্থিতির মাধ্যমে সেমিনারটিকে আরও অর্থবহ ও অলংকৃত করেন।

মাননীয় প্রধান অতিথি উনার বক্তৃতায় উল্লেখ করেন যে, আমরা MDGs অর্জন করতে সক্ষম হয়েছি এবং আশা করি শেখ হাসিনার নেতৃত্বে বিশেষজ্ঞ কৃষি বিজ্ঞানীদের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধির দ্বারা খাদ্য নিরাপত্তা নিশ্চিত করবে এবং জননেত্রী ইনশাল্লাহ SDGs অর্জন করতে সক্ষম হবে। বর্তমান সরকার গবেষণায় বেশি গুরুত্ব দিয়েছে এবং কৃষি বিজ্ঞানীদের মতো বিশেষজ্ঞ দ্বারা অধিক গবেষণা ও উন্নয়নের মাধ্যমে আমরা খাদ্য নিরাপত্তা অর্জনে সক্ষম হবে। তিনি আরো বলেন যে, গবেষণা ক্ষেত্রে অধিক বাজেট বরাদ্দ দিয়ে গবেষণা কার্যক্রমকে আরোও জোরদার করতে হবে।

আজকের অনুষ্ঠানের বিএআরসি, সরকারী-বেসরকারী কৃষি প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, আন্তর্জাতিক প্রতিষ্ঠান, খাদ্য ও কৃষি সংস্থা, কৃষি গবেষণা ফাউন্ডেশন, মিডিয়া ও অন্যান্য প্রতিষ্ঠানের বিশেষজ্ঞগণ উক্ত সেমিনারে উপস্থিত ছিলেন। ড. ওয়ায়েস কবীর, নির্বাহী পরিচালক, কৃষি গবেষণা ফাউন্ডেশন উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব ও অনুষ্ঠানটি পরিচালনা করেন।